

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
ঢাকা।

আদেশ

তারিখ, ০১ অক্টোবর ২০০২/১৬ আশ্বিন ১৪০৯

এস, আর, ও নং ২৬৯ আইন/২০০২।—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) সংযোজিত হইবে, যথা :—

“(৪) উপ-অনুচ্ছেদ (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত মেয়াদ অতিবাহিত হইবার পর নতুন আমদানি নীতি আদেশ জারী না হওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকিবে”।

২। এই আদেশ ১৮ই জ্যৈষ্ঠ, ১৪০৯ বাংলা মোতাবেক ১লা জুন, ২০০২ ইংরেজী তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া

উপ-সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৪০৫)

মূল্য : টাকা ১.০০